TEACHERS adda247

# প্রাইমারি টেট প্রশ্নপত্র ২০১৩

## Section-I

## Language-I (Bengali)

1. রবীন্দ্রনাথ ঠাকুরের 'সহজ পাঠ' বইয়ের ছবিগুলি এঁকেছিলেন—
(1) অবনীন্দ্রনাথ ঠাকুর (2) রামকিঙ্কর বেইজ
(3) নন্দলাল বসু (4) গগনেন্দ্রনাথ ঠাকুর

2. 'পাখি সব করে রব রাতি পোহাইল। কাননে কুসুম কলি সকলি ফুটিল॥'—পঙ্‌ক্তিটি লিখেছিলেন—
(1) মাইকেল মধুসূদন দত্ত
(2) ঈশ্বরচন্দ্র গুপ্ত
(3) মদনমোহন তর্কালংকার
(4) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

3. নীচের কোন্ চরিত্রটির স্রষ্টা নারায়ণ গঙ্গোপাধ্যায় ?
(1) ফেলুদা (2) ঘনাদা
(3) পিণ্ডিদা (4) টেনিদা

4. 'আক্কেল-সেলামি'—এই বাগ্‌ধারাটি যে বিশিষ্ট অর্থে প্রযুক্ত হয়, তা হল—
(1) মনে আঘাত দেওয়া বোঝাতে
(2) গণ্যমান্য লোক বোঝাতে
(3) বোকামির শাস্তি বোঝাতে
(4) সহজসাধ্য কাজ বোঝাতে

5. 'গালিভার্‌স ট্রাভেল্‌স' উপন্যাসটি লিখে অমর হয়েছেন—
(1) মার্ক টোয়েন (2) জনাথান সুইফট
(3) ডি.এইচ.লরেন্স (4) চার্লস ডিকেন্স

6. নীচের কোন্ বানানটি ভুল ?
(1) নৃশংস (2) কটূক্তি
(3) করনীয় (4) উচিত

7. নীচের কোন্‌টি 'স্বরলোপ'-এর উদাহরণ ?
(1) বড্ড (2) দহ
(3) নস্যি (4) জানালা

8. সত্যজিৎ রায়-এর 'গুপী গাইন বাঘা বাইন' সিনেমাটির মূল কাহিনিকার—
(1) লীলা মজুমদার
(2) সত্যজিৎ রায়
(3) উপেন্দ্রকিশোর রায়চৌধুরী
(4) সুকুমার রায়

9. দুঃখ, আনন্দ, ঘৃণা, ভয় প্রভৃতি মনের আবেগ প্রকাশ করার জন্য বাক্যের শেষে যে চিহ্নটি সাধারণত ব্যবহৃত হয়, সেটি হল—
(1) প্রশ্নচিহ্ন (?) (2) দাঁড়ি (।)
(3) সংযোজক চিহ্ন (-) (4) বিস্ময়সূচক চিহ্ন (!)

10. কালানুক্রম অনুসারে কোন্ তালিকাটি ঠিক ?
(1) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, সুখলতা রাও, রবীন্দ্রনাথ ঠাকুর, লীলা মজুমদার
(2) সুখলতা রাও, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, লীলা মজুমদার, রবীন্দ্রনাথ ঠাকুর
(3) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, রবীন্দ্রনাথ ঠাকুর, সুখলতা রাও, লীলা মজুমদার
(4) রবীন্দ্রনাথ ঠাকুর, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, লীলা মজুমদার, সুখলতা রাও

11. অক্ষর পরিচয়ের বইতে গোপাল-রাখালের গল্প লেখেন—
(1) রথীন্দ্রনাথ সরকার (2) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
(3) রবীন্দ্রনাথ ঠাকুর (4) ঈশ্বরচন্দ্র গুপ্ত

12. কোন্ গোয়েন্দা চরিত্রটি বয়সে সবচেয়ে নবীন ?
(1) ব্যোমকেশ বক্‌শি (2) কিরীটি রায়
(3) প্রদোষচন্দ্র মিত্র (4) শার্লক হোমস

13. বাক্যের মধ্যে ক্রিয়াপদের সঙ্গে বিশেষ্য বা সর্বনাম পদের সম্পর্ক হল—
(1) কারক (2) সন্ধি
(3) সমাস (4) প্রত্যয়

14. নীচের কোন্‌টি শিশুদের পত্রিকা ?
(1) প্রবাসী (2) হিতবাদী
(3) সাধনা (4) শুকতারা

15. ই, উ, ঋ-এগুলিকে বলা হয়—
(1) অনুনাসিক বর্ণ (2) স্বরধ্বনি
(3) শিস্ ধ্বনি (4) অন্তঃস্থ বর্ণ

16. নীচের কোন্‌টি 'তৎসম' শব্দের উদাহরণ ?
(1) ডাক্তার (2) প্রভাত
(3) বায়না (4) লুচি

17. নীচের কোন্ বইটির লেখক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ?
(1) খাপছাড়া (2) চাঁদের পাহাড়
(3) ভূত ও মানুষ (4) পাততাড়ি

18. নীচের কোন্‌টি 'দেশি' শব্দের উদাহরণ ?
(1) গেলাস (2) মুড়ি
(3) কেওন (4) কানু

19. নীচের কোন্‌টি খাঁটি বাংলা প্রত্যয়ের দৃষ্টান্ত ?
(1) ধন + বতুপ = ধনবান
(2) কৃ + তব্য = কর্তব্য
(3) তৎ + ময় = তন্ময়
(4) বোকা + আমি = বোকামি

20. নীচের কোন্ বাক্যটিতে গঠনগত ভুল আছে ?
(1) সবিনয় নিবেদন
(2) সব পশু তৃণভোজী
(3) কেবলমাত্র শুধু মেয়েরা বসবে
(4) ব্যথায় টন্‌টন্ করে

উত্তরমালা

| | | | | |
|---|---|---|---|---|
| 1. (3) | 2. (3) | 3. (4) | 4. (3) | 5. (2) |
| 6. (3) | 7. (4) | 8. (3) | 9. (4) | 10. (3) |
| 11. (2) | 12. (3) | 13. (1) | 14. (4) | 15. (2) |
| 16. (2) | 17. (2) | 18. (2) | 19. (4) | 20. (3) |

## Section-II

## Language-II (English)

*Choose the correcet antonym of the given word.*

1. urban
(1) modern (2) rapid
(3) rural (4) remote

2. zenith
(1) nadir (2) extinct
(3) top (4) extant

*Choose the correct alternative :*

3. Please don't ______ the truth.
(1) hold over (2) hold back
(3) hold to (4) hold in

4. The environment has been *destroyed completely*. The pharsal verb that can replace the ital portion is—
(1) wiped over (2) destroyed out
(3) wiped out (4) rooted out

*Choose the correct alternative :*

5. I have never travelled ______ air.
(1) by (2) in
(3) with (4) from

*Choose the correct alternative :*

6. 'A passage to India' is a novel written by
(1) E.M. Forster (2) Emily Bronte
(3) Walter Scott (4) P. B. Shelley

Identify the incorrect part of the sentence. If the sentence is correct, choose the 'No error' option :

7. (1) The host of reputed national and multinational/ (2) clients are/ (3) a better testimonial than the best spoken words/ (4) No error

*Choose the correct synonym of the given word :*

8. Slender—
(1) sharp (2) dull
(3) fat (4) slim

*Choose the correcet synonym of the given word.*

9. mould—
(1) shape (2) calculate
(3) aruge (4) blow

*Choose the correct alternative :*

10. She was singing a song. (Active)
A song ______ by her. (Passive)
(1) was sung (2) was being sung
(3) sung (4) was song

*Choose the correct alternative :*

11. My Sister said to me, " Are you well?" (Direct)
My sister ______ me if I ______ well. (Indirect)
(1) asked, am (2) asks, was
(3) asks, am (4) asked, was

TEACHERS adda247

12. **Which of the following short stories was written by James Joyce?**
(1) Araby (2) Fly
(3) Doll's House (4) The Signal man

*Choose the correct alternative :*

13. **I usually go to bed ______ midnight.**
(1) in (2) at
(3) on (4) to

*Choose the correct alternative for underlined expression :*

14. **The situation left him in the horns of dilemma.**
(1) unable to recognize
(2) unable to speak
(3) unable to decide
(4) unable to feel

*Choose the correct alternative :*

15. **Who wrote 'Arms and the Man'?**
(1) Samuel Beckett
(2) William Shakespeare
(3) George Bernard Shaw
(4) Emily Bronte

**Identify the incorrect part of the sentence. If the sentence is correct, choose the 'No error' option :**

16. (1) A tank can be/ (2) filled by a tap/ (3) in twenty minutes./ (4) no error

*Choose the correct alternative :*

17. **The weather office had predicated that it__________(rain) soon.**
(1) had rained (2) have rained
(3) would rain (4) rains.

*Choose the correct alternative :*

18. **"Look Back in Anger' was written by**
(1) Harold Pinter (2) G.B. Shaw
(3) John Osborne (4) J.M. Synge

*Choose the correct alternative :*

19. **I know the man. (Active)**
**The man ______ to me. (Passive)**
(1) Known (2) is known
(3) is knew (4) knew

*Choose the correct alternative :*

20. **If I ______ a bird !**
(1) am (2) were
(3) was (4) shall

উ ত্ত র মা লা

| | | | | |
|---|---|---|---|---|
| 1. (3) | 2. (1) | 3. (2) | 4. (3) | 5. (1) |
| 6. (1) | 7. (3) | 8. (4) | 9. (1) | 10. (2) |
| 11. (4) | 12. (1) | 13. (2) | 14. (3) | 15. (3) |
| 16. (4) | 17. (3) | 18. (3) | 19. (2) | 20. (2) |

## Section-III
## Child Development

1. যে পর্যায়ে একটি শিশু কোনো বস্তু ও বিষয় সম্পর্কে যুক্তিপূর্ণভাবে চিন্তা করতে শুরু করে, সেটি—
(1) প্রাক-কার্যকরী পর্যায়
(2) মূর্ত কার্যকরী পর্যায়
(3) চেষ্টায় সংজ্ঞাবহ পর্যায়
(4) নিয়মতান্ত্রিক কার্যকরী দশা

2. শিখনের 'প্রচেষ্টা ও ভুল-এর' তত্ত্বটির প্রবক্তা হলেন—
(1) প্যাগে (2) টোলম্যান
(3) স্কিনার (4) থর্নডাইক

3. কোনটি শিশুদের মধ্যে প্রায় দেখাই যায় না ?
(1) হাইপারকাইনেসিস
(2) আত্মহত্যা
(3) নেতিবাচকতা
(4) প্রক্ষোভের ওপর নিয়ন্ত্রণের অভাব

4. কোনটি ব্যক্তিত্বের অভিজ্ঞা ?
(1) রসার্ক ইসপ্লট টেস্ট
(2) আলেক্‌জাণ্ডার পাস্‌ এ্যালং টেস্ট
(3) আর্মি-বিটা টেস্ট
(4) সেগুইন ফর্ম বোর্ড টেস্ট

5. কোনটি শিশু-জন্মের প্রকারভেদ নয় ?
(1) ব্রিচ বার্থ (2) সিজারিয়ান বার্থ
(3) ট্রান্সভার্স বার্থ (4) স্পন্টেনিয়াস বার্থ

TEACHERS adda247

6. শিশু বিকাশের ক্ষেত্রে বংশগতি ও পরিবেশের মধ্যে যে সক্রিয় সম্পর্ক বিদ্যমান তার ইঙ্গিত দিয়েছে কোন্‌টি—
(1) ডায়নামিক বা গতীয় মনোবিদ্যা
(2) শিক্ষা মনোবিদ্যা
(3) অস্বাভাবিক মনোবিদ্যা
(4) স্বাস্থ্য মনোবিদ্যা

7. কোন্ ধরনের প্রশিক্ষণ ভালো পারিবারিক সম্পর্ক সৃষ্টি করতে শেখায় ?
(1) অথোরিটোরিয়ান শিশু প্রশিক্ষণ
(2) নিগোসিয়েটর শিশু প্রশিক্ষণ
(3) ডেমোক্রেটিক শিশু প্রশিক্ষণ
(4) সংবেদন ও পেশি সঞ্চালনমূলক প্রশিক্ষণ

8. নিম্নলিখিত কোন্‌টি শিখনের ফলাফল নয় ?
(1) মনোভাব (2) পরিণমন
(3) ধারণা (4) জ্ঞান

9. প্রাক্ষোভিক বুদ্ধির ধারণাটি নিম্নলিখিত কোন্ ক্ষমতাটির কথা বলে না ?
(1) প্রক্ষোভের উপলব্ধি
(2) প্রক্ষোভের নিয়ন্ত্রণ
(3) প্রক্ষোভের প্রকাশ ও সার্থকতা দান
(4) প্রক্ষোভের জাগরণ

10. নিম্নলিখিত কোন্ বিবৃতিটি শিখন প্রক্রিয়ায় বৈশিষ্ট্য নয় ?
(1) শিখন হল লক্ষ্য অভিমুখী
(2) শিখন মুক্তকরণও একটি শিখন প্রক্রিয়া
(3) শিক্ষামূলক প্রতিষ্ঠানগুলিতেই কেবলমাত্র শিখন অনুষ্ঠিত হয়
(4) শিখন একটি সার্বিক প্রক্রিয়া

11. 'IQ' শব্দটি প্রথম ব্যবহার করেন মনোবিদ্—
(1) মেরিল (2) বিনে
(3) টারম্যান (4) স্ট্যানফোর্ড

12. 'adolescence' শব্দটি একটি গ্রিক শব্দ থেকে এসেছে, সেটি হল—
(1) 'adolescere' (2) 'adolescin'
(3) 'adolescect' (4) 'adoled'

13. সাধারণভাবে সুস্থ শিশুর 'অকস্মাৎ মৃত্যু'কে বলে—
(1) ক্রিব ডেথ্ (2) অ্যাক্সিডেন্টাল ডেথ্
(3) শক্ ডেথ্ (4) অ্যাবনরমাল ডেথ্

14. কোন্ গ্রন্থির অস্বাভাবিক ক্ষরণে 'Dwarfism' রোগটি দেখা যায় ?
(1) পিটুইটারি গ্রন্থি (2) থাইরয়েড গ্রন্থি
(3) অ্যাড্রিনাল গ্রন্থি (4) পিনিয়াল গ্রন্থি

15. নিম্নলিখিত কোন্‌টি গ্রেগোরিয়াস ইন্সটিংক্ট ?
(1) নিজেকে পৃথক রাখার প্রবণতাকে
(2) নতুন কিছু সৃষ্টি করার প্রবণতাকে
(3) কিছু অর্জন করার প্রবণতাকে
(4) দলবধ প্রবণতাকে

16. তোমার শ্রেণিকক্ষে কোনো শিশু তার নিজের ব্যর্থতার দায় সর্বদা অন্য কোনো শিশুর ওপর চাপিয়ে দেয়, সে কোন্ ধরনের প্রতিরক্ষণ কৌশল ব্যবহার করে ?
(1) যৌক্তিকতা (2) প্রক্ষেপণ
(3) অবদমন (4) অনুকম্পন

17. Rh ফ্যাক্টর বলতে বোঝায়—
(1) রেসাস ইনকমপ্লিটনেস
(2) রেসাস ইনকম্পিটিবিলিটি
(3) রেট অফ হিমোগ্লোবিন
(4) ব্লাড অফ ইন্‌কম্পিটিবিলিটি

18. প্রতিভাবানদের সমস্যার সমাধানে কোন্‌টি ব্যবহৃত হয় ?
(1) বিশ্লেষণ (2) ত্বরান্বিতকরণ
(3) ওষুধের ব্যবহার (4) শাস্তি

19. কোন্ সময়কালকে 'নির্ভরশীলতা হ্রাসের বয়স' বলা হয় ?
(1) শৈশবকাল (2) সদ্যোজাত
(3) কৈশোরকাল (4) বাল্যকাল

20. বয়ঃসন্ধিকালের একটি পরিচিত সমস্যা হল—
(1) ভ্রম প্রত্যক্ষণ (2) স্কুল পালানো
(3) প্রবঞ্চিত হওয়া ভ্রান্তি (4) অনিদ্রা

TEACHERS adda247

**উ ত্ত র মা লা**

| | | | | |
|---|---|---|---|---|
| 1. (2) | 2. (4) | 3. (2) | 4. (3) | 5. (4) |
| 6. (1) | 7. (3) | 8. (2) | 9. (2) | 10. (3) |
| 11. (3) | 12. (1) | 13. (2) | 14. (1) | 15. (4) |
| 16. (3) | 17. (3) | 18. (1) | 19. (3) | 20. (3) |

# Section-IV
## Mathematics

1. যদি $\underset{x \to 0}{Lt} \frac{a \sin 2x - b \sin x}{x^3}$, তাহলে

(1) a= –1, b = 2 (2) a=1, b = – 2

(3) a= –1, b = – 2 (4) a= –2, b = – 1

2. ম্যাট্রিক্স $\begin{pmatrix} 0 & 0 & 2 & 2 & 0 \\ 1 & 3 & 2 & 4 & 1 \\ 2 & 6 & 2 & 6 & 2 \end{pmatrix}$— এর পর্যায় হবে

(1) 1 (2) 2
(3) 3 (4) 4

3. যদি a + b + c = 0 হয়, তবে $a^3 + b^3 + c^3$ =?

(1) $3abc$ (2) $\frac{3}{abc}$
(3) $3a^3b^3c^3$ (4) 0

4. যদি x, y, z তিন প্রকার টাকা হয় এবং x টাকার সরল সুদ y টাকা এবং y টাকার সরল সুদ z হয়, তবে একই সময় ও একই সুদের হারে তবে x, y, z এর মধ্যে সম্পর্কটি হল—

(1) $y^2 = xz$ (2) $x^2 = yz$
(3) $xyz = 1$ (4) $z^2 = xy$

5. দুটি এককেন্দ্রীয় বৃত্ত আছে যাদের ব্যাসার্ধ যথাক্রমে 13 সেমি ও 12 সেমি। বড়ো বৃত্তের যে জ্যা-টি ছোটো বৃত্তের স্পর্শক, তার দৈর্ঘ্য হবে—

(1) 10 সেমি (2) 12 সেমি
(3) 12.5 সেমি (4) 14 সেমি

6. একটি আয়তঘনের ক্ষেত্রে $N_0$ শীর্ষবিন্দুর সংখ্যা এবং $N_1$ ধারের সংখ্যা এবং $N_2$ তলের সংখ্যা, হলে—

(1) $N_0 + N_1 = N_2 + 2$
(2) $N_0 + N_2 = N_1 + 2$
(3) $N_1 + N_2 = N_0 + 2$
(4) $N_1 + N_2 = 2N_0$

7. একটি ব্যাগে 10 পয়সা ও 25 পয়সার মুদ্রা আছে। যদি ব্যাগে মোট 60টি মুদ্রা থাকে এবং ব্যাগে মোট 13.05 টাকা থাকে, তাহলে 10 পয়সার মোট মুদ্রা আছে—

(1) 23 টি (2) 31 টি
(3) 13 টি (4) 22 টি

8. একটি দুই অঙ্কের সংখ্যা আছে যার দশকের ঘরের সংখ্যাটি 't' এবং এককের ঘরের সংখ্যাটি 'U'। অঙ্কটি 'U' এর ডানদিকে বসানো হলে নতুন সংখ্যাটির মান হবে—

(1) 100t + 10U + 1 (2) 10t + U + 1
(3) 10t + U + 100 (4) 100t + U + 1

9. y-এর x% এবং x-এর y%-এর ভাগফল হল—

(1) $\frac{1}{xy}$ (2) $xy$
(3) $\frac{x}{y}$ (4) 1

10. যদি $\frac{a}{b} + \frac{b}{a} = 1$ হয়, $a^3 + b^3 = ?$

(1) 1 (2) 0
(3) – 1 (4) 2

11. $x = a + \frac{1}{a}$ এবং $y = a - \frac{1}{a}$ হলে $x^4 + y^4 - 2x^2y^2 = ?$

(1) 16 (2) $16a^2$
(3) $\frac{16}{a^2}$ (4) $16a$

12. শ্রীধর আচার্য্য সূত্রানুসারে $ax^2 + bx + d = 0$-এর সমাধান হল—

(1) $\frac{-b - \sqrt{b^2 + 4ad}}{2a}$

(2) $\frac{-b - \sqrt{b^2 - 4ad}}{2d}$

(3) $\frac{-b + \sqrt{b^2 - 4ad}}{2a}$

(4) $\frac{-b \pm \sqrt{b^2 - 4ad}}{2a}$

13. কোনো সংখ্যাকে 25 দ্বারা গুণ করার জন্য এক বালককে বলা হল, সে সংখ্যাটিকে 52 দ্বারা দিয়ে

TEACHERS adda247

করে প্রকৃত গুণফলের চেয়ে 324 বেশি পেল। সংখ্যাটি হবে—

(1) 12 (2) 15
(3) 25 (4) 52

14. যদি $\sqrt{1+\frac{27}{169}}=\left(1+\frac{x}{13}\right)$ হয়, তবে x-এর মান হবে—

(1) 7 (2) 5
(3) 3 (4) 1

15. কোনো সমবাহু ত্রিভুজের একটি মধ্যমার দৈর্ঘ্য x হলে এর ক্ষেত্রফল হবে—

(1) $x^2$ (2) $\frac{x^2\sqrt{3}}{2}$
(3) $\frac{x^2\sqrt{3}}{3}$ (4) $\frac{x^2}{2}$

16. $\sqrt{6+\sqrt{6+\sqrt{6+\sqrt{6+\ldots\ldots+\infty}}}}$ রাশিমালাটির মান হল—

(1) 2 (2) 30
(3) 3 (4) 5

17. একটি সুষম ষড়ভুজের একটি বাহুর দৈর্ঘ্য P সেমি হলে তার ক্ষেত্রফল হবে—

(1) $\frac{\sqrt{3}}{2}p^2$ সেমি² (2) $3\sqrt{3}p^2$ সেমি²
(3) $\frac{3\sqrt{3}}{2}p^2$ সেমি² (4) $6p^2$ সেমি²

18. একটি আয়তঘনের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা 5 : 4 : 2 অনুপাতে আছে, ওই আয়তঘনের চারপার্শ্বের ক্ষেত্রফল 1216 সেমি² হলে ওই আয়তঘনের আয়তন হবে—

(1) 2460 সেমি³ (2) 2560 সেমি³
(3) 2660 সেমি³ (4) 2700 সেমি³

19. যদি $x=2+\sqrt{3}$ এবং $y=2-\sqrt{3}$ হয় তবে $xy+\frac{1}{xy}=$

(1) $2\sqrt{3}$ (2) $\sqrt{3}$
(3) 1 (4) 2

20. A XYZ একটি সমদ্বিবাহু ত্রিভুজ, YZ = a এবং XY = XZ = b এবং XP = উচ্চতা = h, অতএব h =

(1) $\sqrt{b^2-\left(\frac{a}{2}\right)^2}$ (2) $\sqrt{\left(\frac{a}{2}\right)^2-b^2}$
(3) $\sqrt{\left(\frac{b}{2}\right)^2-a^2}$ (4) $\sqrt{a^2-\left(\frac{b}{2}\right)^2}$

**উ ত্ত র মা লা**

| | | | | |
|---|---|---|---|---|
| 1. (4) | 2. (2) | 3. (4) | 4. (1) | 5. (1) |
| 6. (2) | 7. (3) | 8. (1) | 9. (4) | 10. (2) |
| 11. (1) | 12. (4) | 13. (1) | 14. (4) | 15. (3) |
| 16. (3) | 17. (3) | 18. (2) | 19. (4) | 20. (1) |

## Section-V

## Environment Studi

1. নীচের কোন্‌টি রাসায়নিক পরিবর্তন ?

(1) সালফারের গলন
(2) জলের স্ফুটন
(3) সম্পৃক্ত দ্রবণ থেকে চিনির কেলাস প্রস্তুতকরণ
(4) সালফারের জ্বলন

2. 'মশা ম্যালেরিয়ার বাহক'—এই তত্ত্বটি রোনাল্ড রস ভারতের কোন্‌ শহরে গবেষণা করে আবিষ্কার করেন ?

(1) কলকাতা (2) চেন্নাই
(3) এলাহাবাদ (4) সেকেন্দ্রাবাদ

3. নীচের কোন্‌ গাছটি বায়োডিজেল উৎপাদনে ব্যবহৃত হয় ?

(1) জ্যাট্রোফা (2) আম
(3) সরষে (4) কার্পাস

4. 'Dust Bowl' কথাটি কোন্‌ ঘটনার সঙ্গে সম্পর্কিত ?

(1) জলাভূমি বুজিয়ে ফেলা
(2) মৃত্তিকা ক্ষয়
(3) জীববৈচিত্র্য হ্রাস
(4) পারমাণবিক বিস্ফোরণ

TEACHERS adda247

5. 'তালাব' শব্দটি নীচের কোন্‌টির সঙ্গে সম্পর্কিত ?
(1) মৃত্তিকা সংরক্ষণ (2) বন সংরক্ষণ
(3) শস্য সংরক্ষণ (4) জল সংরক্ষণ

6. মিথেন গ্যাসের উৎস হল
(1) পারমাণবিক বিস্ফোরণ
(2) ধানখেত ও মাংসাশী পশু
(3) গবাদি পশু ও মাংসাশী পশু
(4) ধানখেত, পচা জলাভূমি ও গবাদি পশু

7. ভারতের প্রতিবেশী কোন্‌ দেশের জাতীয় পশু টাকিন ?
(1) নেপাল (2) ভুটান
(3) পাকিস্তান (4) চিন

8. বিশ্ব উষ্ণায়নের প্রভাবে সুন্দরবনের যে দ্বীপটি সর্বপ্রথম ডুবে যায় তার নাম হল
(1) মৌসনি দ্বীপ (2) জম্বু দ্বীপ
(3) লোহাচারা দ্বীপ (4) ঘোড়ামারা দ্বীপ

9. নীচের কোন্‌টি পর্ণমোচী বৃক্ষ ?
(1) পাইন (2) বাইন
(3) বট (4) শাল

10. 'The Great Migration' কোন্‌ কোন্‌ অরণ্যের মধ্যে ঘটে ?
(1) পেরিয়ার ও কানহা
(2) বন্দিপুর ও করবেট
(3) বকসা ও কাজিরাঙা
(4) মাসাইমারা ও সেরেংগেটি

11. পশ্চিমবঙ্গের 'রাজ্য প্রাণী' কোন্‌টি ?
(1) রয়্যাল বেঙ্গল টাইগার
(2) হাতি
(3) একশৃঙ্গ গন্ডার
(4) মেছো বিড়াল

12. আখ থেকে উৎপন্ন অ্যালকোহলকে কোন্‌ দেশে মোটরগাড়ি চালানোর বিকল্প জ্বালানিরূপে ব্যবহার করা হয় ?
(1) ভারত (2) মরক্কো
(3) ইন্দোনেশিয়া (4) ব্রাজিল

13. আরাবাড়ি নীচের কোন্‌ ঘটনার জন্য বিখ্যাত ?
(1) চিপকো আন্দোলন
(2) গ্যাস দুর্ঘটনা
(3) যৌথ বনরক্ষা ব্যবস্থা
(4) স্পঞ্জ আয়রন কারখানা

14. 'ভুঁইফোঁড়' শব্দটি নীচের কোন্‌টির সঙ্গে সম্পর্কিত ?
(1) উই-এর ঢিবি
(2) খাদ্যোপযোগী ব্যাঙের ছাতা
(3) খড়ের গাদা
(4) বাঁশঝাড়

15. নিষ্ক্রিয় ধূমপানের ফলে নীচের কোন্‌ রোগটি হয় ?
(1) COPD (2) টাইফয়েড
(3) কলেরা (4) ম্যালেরিয়া

16. নীচের কোন্‌ গ্যাসগুলি স্ট্র্যাটোস্ফিয়ারে প্রবেশ করলে ওজোন ছিদ্রের সৃষ্টি হয় ?
(1) $N_2O$, CO, $SO_2$
(2) $CH_4$, $N_2O$, $CO_2$
(3) $CH_4$, CFC, $SO_2$
(4) $N_2O$, $CH_4$, CFC

17. নীচের কোন্‌ ভেষজ নির্যাস কীটনাশক রূপে ব্যবহার করা হয় ?
(1) রেসারপিন (2) কুইনাইন
(3) মরফিন (4) রোটেনন

18. দুধের কোন্‌ উপাদান প্লাস্টিক তৈরিতে ব্যবহৃত হয় ?
(1) অ্যালবুমিন (2) গ্লোবিউলিন
(3) ল্যাকটোজ (4) কেসিন

19. ভারতবর্ষের কোন্‌ শহরে সর্বপ্রথম ভূ-তাপীয় শক্তির ব্যবহার শুরু হয়েছে ?
(1) পুণে (2) চণ্ডিগড়
(3) কলকাতা (4) সুরাট

20. সুন্দরবন কত খ্রিস্টাব্দে UNESCO ওয়ার্ল্ড হেরিটেজ সাইটের খেতাব পায় ?
(1) 2001 (2) 2002
(3) 2003 (4) 2004

TEACHERS adda247

# উত্তরমালা

| | | | | |
|---|---|---|---|---|
| 1. (4) | 2. (1) | 3. (1) | 4. (1) | 5. (4) |
| 6. (4) | 7. (2) | 8. (4) | 9. (4) | 10. (3) |
| 11. (1) | 12. (4) | 13. (3) | 14. (2) | 15. (1) |
| 16. (4) | 17. (2) | 18. (1) | 19. (1) | 20. (1) |

TEACHERS adda247